

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.৪২.৭৫০০.০০০.১৪.০৫০.১৫. ৪২০

তারিখঃ ৬/০২/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।


সূত্র : নোয়াখালী জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৭৫০০.২০২.১২.০০৫.১৫.৩৬২, তারিখঃ ৩০/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব রাজস্ব তহবিলের আওতায় ৪৯,১৭,৬০০/- (উনপঞ্চাশ লক্ষ সতের হাজার ছয়শত) টাকায় গৃহীত ৩টি প্রশিক্ষণ প্রকল্পের নিম্নে বর্ণিত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| ক্রঃ নং | প্রশিক্ষণ প্রকল্পের নাম | প্রশিক্ষণের ব্যয় (লক্ষ টাকায়) |
|------------|--|------------------------------------|
| ১. | কম্পিউটার প্রশিক্ষণ | ২০.০০ |
| ২. | গাড়ী চালক প্রশিক্ষণ | ২৮.১৭৬ |
| ৩. | অসচ্ছল ১০০টি পরিবারের সদস্যকে সেলাই প্রশিক্ষণসহ সেলাই মেশিন বিতরণ (ব্যয় বিবরণী) | ১০.৫০ |

তথ্যসমূহঃ

- ১) কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের সংখ্যা, প্রশিক্ষণ প্রকল্পের মেয়াদ ও ব্যাচ সংখ্যা এবং কোন প্রতিষ্ঠানের কোর্স মডিউল অনুযায়ী প্রশিক্ষণ দেয়া হবে তা উল্লেখপূর্বক সাশ্রয়ী ব্যয় বিবরণী/প্রাক্কলনসহ পুনরায় প্রস্তাব প্রেরণ;
- ২) গাড়ী চালক প্রশিক্ষণ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের ১৩.৩.২০১২ খ্রিঃ তারিখের ৭৯১ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী গ্রহণ করে সাশ্রয়ী ব্যয় বিবরণী/প্রাক্কলনসহ পুনরায় প্রস্তাব প্রেরণ;
- ৩) অসচ্ছল ১০০টি পরিবার কে কি প্রক্রিয়ায় কিসের ভিত্তিতে নির্বাচন করা হয়েছে, তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) সাশ্রয়ী ব্যয় বিবরণী/প্রাক্কলন।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নোয়াখালী।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, নোয়াখালী।
২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।